গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
স্থানীয় সরকার শাখা
www.rajshahidiv.gov.bd

জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণের সমন্বয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি	ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২৪/১২/২০২৩ খ্রি.
সভার সময়	১২:২০ ঘটিকা
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	**পরিশিষ্ট-ক**

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ সভাপতির অনুমতিক্রমে বিগত ২০/০৯/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সভায় রাজশাহী বিভাগের ৮ (আট) টি জেলা পরিষদের বিভিন্ন কার্যক্রম কার্যপত্র অনুসারে আলোচনা করা হয়।

গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

গত সভার সিদ্ধান্তের সংখ্যা	বাস্তবায়নের সংখ্যা	বাস্তবায়ন না হওয়ার কারণ	বাস্তবায়ন অগ্রগতির হার	মন্তব্য
২৫	২৩	১। ছাড়পত্রের মেয়াদ শেষ হওয়ার কারণে জেলা পরিষদের জনবল নিয়োগ এখনও সম্পন্ন হয়নি। ২। জনবল কম থাকায় জেলা পরিষদের সকল দাপ্তরিক ফাইল ডি-নথির মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে না।	৯২%	--

১। জনবল :

ক্র.ন	জেলা	অর্গানোগ্রাম অনুযায়ী মঞ্জুরীকৃত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা	কর্মরত	শূন্য	মন্তব্য
১.	রাজশাহী	২৭	২০	০৭	কার্যক্রম চলমান।
২.	চাঁপাই নবাবগঞ্জ	২৫	২২	০৩	১) ১ম শ্রেণীর কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তা প্রেষণে। ২) সাঁটলিপিকার অবসর জনিত কারণে শূন্য। ৩) ৪র্থ শ্রেণীর কর্মচারী ফটোকপি অপারেটর।
৩.	নওগাঁ	২৭	২০	০৭	প্রধান নির্বাহী কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা, অফিস সহকারী, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, বার্তাবাহক ও অফিস সহায়ক এর ১টি করে পদ শূন্য আছে।
৪.	নাটোর	২৩	১৭	০৬	সাঁটলিপিকার-১, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর-১, অফিস সহায়ক-৩ এবং পরিচ্ছন্ন কর্মী-১

৫.	পাবনা	২৭	১৯	০৮	নির্বাহী কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, হিসাব রক্ষক ১টি, উচ্চমান সহকারী ০২টি, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ১টি, ড্রাইভার ১টি ও ডুপ্লিকেটিং মেশিন অপারেটর-১টি পদ শূন্য আছে। এছাড়াও কার্যসহকারী অতিরিক্ত ১জন এবং অগ্রানোগ্রাম বহির্ভূত ০১ জন রোড রোলার ড্রাইভার রয়েছে।
৬.	সিরাজগঞ্জ	২৯	১৫	১৪	নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন।
৭.	বগুড়া	২৬	১৮	০৮	ক) বর্তমানে অর্গানোগ্রামভুক্ত শূন্যপদে অর্গানোগ্রাম বহির্ভূত ০৪ জন কর্মচারী কর্মরত আছে। খ) প্রধান নির্বাহী কর্মকর্তা রয়েছে। বাকীগুলোতে নেই।
৮.	জয়পুরহাট	২৪	১৭	০৭	ক) প্রধান নির্বাহী কর্মকর্তা (প্রেষণে), নির্বাহী কর্মকর্তা (প্রেষণে), সহকারী প্রকৌশলী (প্রেষণে), উপ-সহকারী প্রকৌশলী (প্রেষণে), খ) হিসাবরক্ষক, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর ও অফিস সহায়ক এর পদ শূন্য আছে। গ) নির্বাহী/ প্রধান নির্বাহী কর্মকর্তা নেই।
	মোট	**২০৮**	**১৪৮**	**৬০**	

আলোচনা: সভায় পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ জেলা পরিষদসমূহের জনবলের তথ্য উপস্থাপন করেন। রাজশাহীতে ০৭টি, চাঁপাইনবাবগঞ্জে ০৩টি, নওগাঁয় ০৭টি, নাটোরে ০৬টি, পাবনায় ০৮টি, সিরাজগঞ্জে ১৪টি, বগুড়ায় ০৮টি এবং জয়পুরহাটে ০৭টি সহ মোট ৬০ টি পদ শূন্য রয়েছে। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ প্রতিটি জেলা পরিষদের শূন্যপদ পূরণের বিষয়ে জোর তাগিদ প্রদান করেন। জয়পুরহাট জেলা পরিষদে দীর্ঘদিন যাবৎ প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা নেই। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-১.১: জেলা পরিষদ কর্তৃক নিয়োগের ক্ষমতাপ্রাপ্ত শূন্যপদসমূহ পূরণে আগামী সভার পূর্বেই নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

সিদ্ধান্ত-১.২: জয়পুরহাট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা পদটি পূরণের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। রাজস্ব আয় ও ব্যয় (২০২৩- ২০২৪ অর্থবছর):

ক্র:ন:	জেলা	ক্রমপুঞ্জিত স্থিতি (আগস্ট/২৩ পর্যন্ত)		আয় (সেপ্টেম্বর'২৩ হতে নভেম্বর'২৩ পর্যন্ত) (কোটি টাকায়)	ব্যয় (সেপ্টেম্বর'২৩ হতে নভেম্বর'২৩ পর্যন্ত)		ক্রমপুঞ্জিত স্থিতি (নভেম্বর/২৩ পর্যন্ত)	
		এফডিআর (কোটি টাকায়)	সাধারণ (কোটি টাকায়)		অনুন্নয়ন/ সংস্থাপন ব্যয় (কোটি টাকায়)	উন্নয়ন ব্যয় (কোটি টাকায়)	এফডিআর (কোটি টাকায়)	সাধারণ (কোটি টাকায়)
১.	রাজশাহী	১৫.৮০	১৭.২০	৩.৪৭	১.৮৩	০.২৬৮০	১৯.৮০	১৪.৫৭
২.	চাঁপাই নবাবগঞ্জ	৯.৯২	০.৪৬৩৫	২.৭০	২.৫৭	০.১৮৯৮	৯.৯২	০.৪০৯৮
৩.	নওগাঁ	২৯.৯১	১৯.৪৭	১.০১	১.০৭	--	৩০.২৯	১৯.০৩
৪.	নাটোর	১৮.৫০	৬.০০	১.১২	০.৫৩১৮	০.০৩৩০	১৯.৫০	৫.৫৬
৫.	পাবনা	২৫.০০	২৭.৯৮	৫.৫২	১০.৭৭	০.৪১৪৮	৩৩.০০	২১.৮৯
৬.	সিরাজগঞ্জ	৫৫.৩৪	৮.৬৪	২.৮৮	১.২০	৩.১০	৫৫.৩৪	৭.২১
৭.	বগুড়া	৫০.৮০	২৪.৩৬	২.৩৪	১.৬৩	১.৫৩	৫০.৮০	২৩.৫৪
৮.	জয়পুরহাট	১.৪১	২.৩০	০.৬৮১৪	০.৬১৬১	--	১.৪১	২.৩৬
	মোট	**২০৬.৬৮**	**১০৬.৪১**	**১৯.৭২**	**২০.২২**	**৫.৫৩৫৬**	**২২০.০৬**	**৯৪.৫৭**

আলোচনা: পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ বলেন, পাবনা জেলা পরিষদের রাজস্ব আয়ের তুলনায় ব্যয় বেশি। সভাপতি বলেন যে, জেলা

পরিষদ আইন ও বিদ্যমান নীতিমালা অনুসরণ করে অর্থ আয় ও ব্যয়ের সামঞ্জস্য রক্ষা করতে হবে।

সিদ্ধান্ত-২.১: খাতভিত্তিক আয় ও ব্যয়ের বার্ষিক ও ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, অক্টোবর-ডিসেম্বর, জানুয়ারি-মার্চ এবং এপ্রিল-জুন) প্রতিবেদন প্রস্তুত করে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়সহ এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত-২.২: সকল জেলা পরিষদকে আয়ের সাথে সঙ্গতি রেখে ব্যয় করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

৩। রাজস্ব প্রকল্প পর্যালোচনা (২০২৩- ২০২৪ অর্থবছর):

ক্র: নং:	জেলা	রাজস্ব বরাদ্দ (কোটি টাকায়)	গৃহীত প্রকল্প সংখ্যা		প্রকল্প বাস্তবায়ন অবস্থা (সংখ্যা)		অগ্রগতির হার (প্রকল্পে বরাদ্দকৃত অর্থের ভিত্তিতে) (%)		গড় অগ্রগতির হার (%)	মন্তব্য
			টেন্ডার	পিআইসি	টেন্ডার	পিআইসি	টেন্ডার	পিআইসি		
১.	রাজশাহী	৭.৮০	০১	--	--	--	--	--	--	বাস্তবায়ন প্রক্রিয়াধীন।
২.	চাঁপাই নবাবগঞ্জ	--	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণ কার্যক্রম প্রক্রিয়াধীন।
৩.	নওগাঁ	১.৫০	০৮	২৭	--	--	--	--	--	অনুমোদন পাওয়া গেছে। কার্যক্রম প্রক্রিয়াধীন।
৪.	নাটোর	০.০৪	--	০২	--	০২	--	১০০%	১০০%	--
৫.	পাবনা	৬.৪১	৬৮	১০৯	--	--	--	--	--	প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে।
৬.	সিরাজগঞ্জ	৭.৮৭	৬২	১৫০	--	১৫০	০%	৪০%	২০%	টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন।
৭.	বগুড়া	৪.৯২	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান।
৮.	জয়পুরহাট	০.৩৮৬৫	--	--	--	--	--	--	--	--
	মোট	**২৮.৯৩**	**১৩৯**	**২৮৮**	--	**১৫২**	--	--	--	

আলোচনা: পরিচালক, স্থানীয় সরকার ২০২৩-২৪ অর্থবছরে জেলা পরিষদসমূহের রাজস্ব প্রকল্পের তথ্য পর্যালোচনায় বলেন, নাটোর ও সিরাজগঞ্জ জেলা পরিষদ ব্যতীত অন্য জেলা পরিষদ প্রকল্প গ্রহণ করেনি। সভাপতি বলেন যে, জেলা পরিষদ আইন ও বিদ্যমান নীতিমালা অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্ত-৩.১: 'রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২২' মেনে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

৪। বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) পর্যালোচনা (২০২৩- ২০২৪ অর্থবছর):

ক্র: নং:	জেলা	সাধারণ বরাদ্দ (কোটি টাকায়)	গৃহীত প্রকল্প সংখ্যা		প্রকল্প বাস্তবায়ন অবস্থা (সংখ্যা)		অগ্রগতির হার (প্রকল্পে বরাদ্দকৃত অর্থের ভিত্তিতে) (%)		গড় অগ্রগতির হার (%)	মন্তব্য
			টেন্ডার	পিআইসি	টেন্ডার	পিআইসি	টেন্ডার	পিআইসি		
১.	রাজশাহী	৫.০০	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন।
২.	চাঁপাই নবাবগঞ্জ	৫.০০	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন।
৩.	নওগাঁ	৫.০০	৬৪	৮৭	--	--	--	--	--	প্রকল্প গ্রহণ করে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হচ্ছে।
৪.	নাটোর	৫.০০	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন।

৫.	পাবনা	৪.৫০	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন।
৬.	সিরাজগঞ্জ	৩.৫০	৪১	৬৩	--	৬৩	০%	৪০%	২০%	প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন।
৭.	বগুড়া	৩.৫০	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান।
৮.	জয়পুরহাট	৬.২৫	--	--	--	--	--	--	--	প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন।
	মোট	**৩৭.৭৫**	**১০৫**	**১৫০**		৬৩				

<u>আলোচনা:</u> পরিচালক, স্থানীয় সরকার সভায় বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এর তথ্য পর্যালোচনায় বলেন, নওগাঁ ও সিরাজগঞ্জ জেলা পরিষদ ব্যতীত অন্য জেলা পরিষদ প্রকল্প গ্রহণ করেনি। সভাপতি আইন ও বিদ্যমান নীতিমালা অনুসারে প্রকল্প গ্রহণ কার্যক্রম সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত-৪.১: 'উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২২' মেনে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ

৫। বার্ষিক উন্নয়ন প্রকল্প (বিশেষ) পর্যালোচনা (২০২৩- ২০২৪ অর্থবছর):

ক্র: নং	**জেলা পরিষদের নাম**	**বিশেষ বরাদ্দ (লক্ষ টাকায়)**	**গৃহীত প্রকল্প সংখ্যা**		**প্রকল্প বাস্তবায়ন অবস্থা (সংখ্যা)**		**অগ্রগতির হার (প্রকল্পে বরাদ্দকৃত অর্থের ভিত্তিতে)**		গড় অগ্রগতির হার (%)	**মন্তব্য**
			টেন্ডার	পিআইসি	টেন্ডার	পিআইসি	টেন্ডার	পিআইসি		
১.	রাজশাহী	--	--	--	--	--	--	--	--	--
২.	চাঁপাইনবাবগঞ্জ	--	--	--	--	--	--	--	--	--
৩.	নওগাঁ	৫০.০০	--	--	--	--	--	--	--	বিশেষ বরাদ্দের প্রকল্প চাওয়া হয়েছে।
৪.	নাটোর	--	--	--	--	--	--	--	--	--
৫.	পাবনা	২০.০০	০৩	--	--	--	--	--	--	টেন্ডার প্রক্রিয়াধীন
৬.	সিরাজগঞ্জ	--	--	--	-	--	--	--	--	বিশেষ বরাদ্দ পাওয়া যায় নি।
৭.	বগুড়া	৩০.০০	--	--	--	--	--	--	--	দরপত্র আহবান প্রক্রিয়াধীন।
৮.	জয়পুরহাট	--	--	--	--	--	--	--	--	বিশেষ বরাদ্দ পাওয়া যায় নি।
	মোট	**১০০.০০**	**০৩**							

আলোচনা: পরিচালক, স্থানীয় সরকার সভায় বার্ষিক উন্নয়ন প্রকল্প (বিশেষ) এর তথ্য পর্যালোচনায় বলেন, নওগাঁ, পাবনা ও বগুড়া ব্যতীত অন্য জেলা পরিষদে বার্ষিক উন্নয়ন প্রকল্প (বিশেষ) এর বরাদ্দ পাওয়া যায়নি।

সিদ্ধান্ত-৫.১: জেলা পরিষদের 'উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২২' মেনে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

৬। ফেরীঘাট ব্যবস্থাপনা (বাংলা ১৪৩০ সন):

ক্র: নং	**জেলা**	**ফেরীঘাট (সংখ্যা)**	**ইজারা প্রদানকৃত ফেরীঘাটের সংখ্যা**	**ইজারা মূল্য (লক্ষ টাকায়)**	**অনাদায়ী টাকার পরিমাণ**			**মন্তব্য**
					ইজারার অর্থ (লক্ষ টাকায়)	**ভ্যাট (১৫%) (লক্ষ টাকায়)**	**আইটি (১০%) (লক্ষ টাকায়)**	
১.	রাজশাহী	০৪	০৩	৯২.৬৬	--	--	--	অবশিষ্ট ০১টি ফেরীঘাটের খাস আদায় চলমান।
২.	চাঁপাই নবাবগঞ্জ	০৪	০৪	৫২.৭০	--	--	--	--
৩.	নওগাঁ	০৭	০৭	১৩.৪৫	৪.৪৭	--	--	--
৪.	নাটোর	--	--	--	--	--	--	--
৫.	পাবনা	০৪	০৩	০.২৮৫০	--	--	--	ব্রীজ হওয়ার কারণে ০১টি ঘাটের ইজারা কার্যক্রম বন্ধ আছে।

৬.	সিরাজগঞ্জ	১৪	১০	৩২.৭০	--	--	--	০৪টি ফেরীঘাটের খাস আদায় চলমান।
৭.	বগুড়া	১৫	১৫	১৬৯.২৮	--	--	--	--
৮.	জয়পুরহাট	--	--	--	--	--	--	--
	মোট	**৪৮**	**৪২**	**৩৬১.০৭**	**৪.৪৭**			

আলোচনা: রাজশাহী বিভাগের জেলা পরিষদসমূহের অধীনে মোট ৪৮টি ফেরীঘাটের মধ্যে ১৪৩০ সনে ৪২টি ইজারা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ০৬টি ফেরীঘাটের মধ্যে রাজশাহী জেলা পরিষদের ০১টি ও সিরাজগঞ্জের ০৪টি ফেরীঘাটের খাস আদায় চলমান। ব্রীজ হওয়ার কারণে পাবনা জেলা পরিষদের ০১টি ফেরীঘাটের ইজারা বন্ধ আছে। নওগাঁ জেলা পরিষদের ফেরীঘাট ইজারার ৪.৪৭ লক্ষ টাকা অনাদায়ী রয়েছে। সভাপতি বলেন যে, ঘাট বুঝিয়ে দেওয়ার পূর্বেই ইজারামূল্যের সমুদয় অর্থ আদায় নিশ্চিত করতে হবে এবং নির্ধারিত সময়ে ভ্যাট ও আইটি সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। ব্রিজ হওয়ায় পাবনা জেলা পরিষদের যে ঘাটটি ইজারা হয়না সেটি বিলুপ্তির জন্য সঠিক প্রস্তাব পুনরায় প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত-৬.১: নওগাঁ জেলা পরিষদকে আগামী সভার পূর্বেই ইজারার অনাদায়ী অর্থ আদায় নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত-৬.২: আগামী ত্রৈমাসিক মিটিং (ফেব্রুয়ারি, ২০২৩) এর পূর্বেই পাবনা জেলা পরিষদের বন্ধ ফেরীঘাটটি বিলুপ্তির সঠিক প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (নওগাঁ/পাবনা), রাজশাহী বিভাগ।

৭। জেলা পরিষদভূক্ত ডাকবাংলোর আয়ের তথ্য (২০২৩- ২০২৪ অর্থবছর):

ক্র: নং:	**জেলা**	**ডাকবাংলোর সংখ্যা**	**আয় (সেপ্টেম্বর'২৩ হতে নভেম্বর'২৩) (লক্ষ টাকায়)**	**বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ**	**মন্তব্য**
১.	রাজশাহী	১২	০.৬৩৭০	নাই	৮টি ডাকবাংলো অবস্থানের যোগ্য। অবশিষ্ট ৪টি ডাকবাংলো সংস্কার প্রক্রিয়াধীন।
২.	চাঁপাইনবাবগঞ্জ	০৬	২.৩৮	নাই	--
৩.	নওগাঁ	১২	৫.৩৬	নাই	--
৪.	নাটোর	০৭	.৭৫৫৭	নাই	--
৫.	পাবনা	১১	২.০৯	নাই	--
৬.	সিরাজগঞ্জ	০৭	১.৭১	নাই	শাহজাদপুর ও সলঙ্গা ডাকবাংলোর পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ কাজ প্রক্রিয়াধীন।
৭.	বগুড়া	১৪	৩.৭১	নাই	শিবগঞ্জ ডাকবাংলোটি নিয়ে মহামান্য হাইকোর্টে মামলা চলমান।
৮.	জয়পুরহাট	০৫	০.৪২	নাই	--
	মোট	**৭৪**	**১৭.০৬**		

আলোচনা: জেলা পরিষদের ডাকবাংলোর গেস্ট রেজিস্টার হালনাগাদ ও সংরক্ষণ, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ এবং প্রয়োজনীয় সংস্কার কার্যক্রমের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-৭.১: জেলা পরিষদের ডাকবাংলোর গেস্ট রেজিস্টার যথাযথভাবে হালনাগাদ ও সংরক্ষণ করতে হবে।

সিদ্ধান্ত-৭.২: জেলা পরিষদের ডাকবাংলোর বিদ্যুৎ বিল নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে।

সিদ্ধান্ত-৭.৩: ডাকবাংলোগুলো নিয়মিত প্রয়োজনীয় সংস্কার করে ব্যবহার উপযোগী রাখতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

৮। জেলা পরিষদভূক্ত মার্কেট সংক্রান্ত তথ্য (২০২৩- ২০২৪ অর্থবছর):

ক্র: নং:	**জেলা**	**মার্কেটের সংখ্যা**	**দোকানের সংখ্যা**	**আয় (লক্ষ টাকায়)**	**বকেয়ার পরিমাণ (লক্ষ টাকায়)**	**মন্তব্য**
১.	রাজশাহী	০১	৫৫	১.৩২	০.৫৫৫০	আদায় অব্যাহত রয়েছে।
২.	চাঁপাইনবাবগঞ্জ	১৫	৩৩১	৫.০২	১৪.১১	--

৩.	নওগাঁ	০২	১৬১	২.৬৮	২.৯১	বকেয়া পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে এবং টেলিফোনে তাগিদ দেয়া হয়েছে।
৪.	নাটোর	০১	১৩	০.৫৫০০	.৭৭২৬	--
৫.	পাবনা	১১	১৯৮	১.৬৫	৩.২৩	বকেয়া আদায়ের জন্য নিয়মিত তাগিদ দেয়া হচ্ছে।
৬.	সিরাজগঞ্জ	০১	১০	১.২০	--	--
৭.	বগুড়া	০৬	১৩৪	৯.১১	১.১৩	ভাড়া পরিশোধের জন্য তাগিদপত্র প্রদান করা হয়েছে।
৮.	জয়পুরহাট	০২	৪৫	১.৩২	৩.২২	বকেয়া আদায় কার্যক্রম চলমান
	মোট	**৩৯**	**৯৪৭**	**২২.৮৫**	**২৫.৯২৭৬**	

আলোচনা: সিরাজগঞ্জ ব্যতীত সকল জেলা পরিষদের মালিকানাধীন মার্কেটের লীজের অর্থ বকেয়া রয়েছে। বকেয়া আদায়ের বিষয়ে সকল জেলা পরিষদকে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। লীজিদের নোটিশ প্রদান ও সরাসরি যোগাযোগ করে বকেয়া অর্থ আদায়ের বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-৮.১: আগামী ত্রৈমাসিক মিটিং (ফেব্রুয়ারি, ২০২৩) এর পূর্বেই মার্কেটের দোকান ভাড়ার বকেয়া অর্থ আদায়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ কার্যালয়কে অবহিত করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/বগুড়া/জয়পুরহাট), রাজশাহী বিভাগ

৯। পুকুর লীজ আয় সংক্রান্ত তথ্য :

ক্র:নং	জেলা	পুকুরের সংখ্যা	জমির পরিমাণ (একর)	লীজকৃত পুকুরের সংখ্যা	ইজারামূল্য (লক্ষ টাকায়)	অনাদায়ী টাকার পরিমাণ (লক্ষ টাকায়)			মন্তব্য
						ইজারার অর্থ	ভ্যাট (১৫%)	আইটি (১০%)	
১.	রাজশাহী	২১	৩৩.৭৪	২১	১৬.৪৪	--	--	--	--
২.	চাঁপাইনবাবগঞ্জ	০৫	৪.৯৪	০৫	৪.৫৮	--	--	--	--
৩.	নওগাঁ	০২	২.৪৫৫৬	০২	১.৩২	--	--	--	--
৪.	নাটোর	০৯	১৮.২০	০৮	১৫.৫৪	--	--	--	১টি লীজ প্রক্রিয়াধীন।
৫.	পাবনা	১৬	২৮.১০	১৫	১৯.৩৫	--	--	--	নুরপুর ডাকবাংলো পুকুরটি সংস্কারের জন্য লীজ স্থগিত করা হয়েছে।
৬.	সিরাজগঞ্জ	০২	৩.৬৪	০২	১.৩০	--	--	--	১৪২৮ হতে ১৪৩০ সন পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা দেয়া হয়েছে।
৭.	বগুড়া	১২	১৪.৬৪	১১	১৩.৪৫	--	--	--	১টি পুকুর সংস্কারের জন্য ইজারা প্রদান বন্ধ রয়েছে।
৮.	জয়পুরহাট	২২	২৫	২১	৪০.১৪	--	--	--	১টি পুকুরের মামলা চলমান।
	মোট	**৮৯**	**১৩০.৭২**	**৮৫**	**১১২.১২**				

আলোচনা: জেলা পরিষদের মোট ৮৯টি পুকুরের মধ্যে ৮৫টি পুকুর লীজ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ০৪টি পুকুরের মধ্যে নাটোরের ১টি পুকুরের লীজ প্রক্রিয়াধীন; পাবনা জেলা পরিষদের ১টি ও বগুড়া জেলা পরিষদের ১টি পুকুরের সংস্কার চলমান; এবং জয়পুরহাট জেলা পরিষদের ১টি পুকুরের মামলা চলমান রয়েছে। কোন জেলা পরিষদের পুকুর লীজের অর্থ বকেয়া না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান। সভাপতি ইজারার সমুদয় অর্থ আদায়ের পূর্বে চুক্তি সম্পাদন না করার পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত-৯.১: পাবনা ও বগুড়া জেলা পরিষদের পুকুরের সংস্কার কাজ দ্রুত সম্পন্ন করে ইজারার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (পাবনা/বগুড়া), রাজশাহী বিভাগ

১০। মামলা সংক্রান্ত বিবরণী (পুকুর):

ক্র.ন	জেলা	মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা		আপীলের সংখ্যা	পেন্ডিং মামলার সংখ্যা	মন্তব্য
			পক্ষে	বিপক্ষে			
১.	রাজশাহী	০২	--	--	--	০২	মামলা চলমান। পুকুরসমূহ জেলা পরিষদের দখলে আছে।
২.	চাঁপাইনবাবগঞ্জ	--			--	--	--

৩.	নওগাঁ	০১	০১	--	--	০১	বিবাদী আপীল করেছেন। পুকুরের জমি জেলা পরিষদের দখলে আছে।
৪.	নাটোর	০২	--	০১	০১	০১	--
৫.	পাবনা	--	--	--	--	--	মামলাজনিত কোন পুকুর নাই।
৬.	সিরাজগঞ্জ	--	--	--	--	--	--
৭.	বগুড়া	০৫	০১	০১	০১	০৪	--
৮.	জয়পুরহাট	০৪	০১	০২	০২	০১	--
	মোট	**১৪**	**৩**	**৪**	**৪**	**৯**	

আলোচনা: সভায় পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ তথ্য উপস্থাপন করেন। পুকুর সংক্রান্ত সর্বমোট মামলার সংখ্যা ১৪ টি। তন্মধ্যে নাটোর, বগুড়া ও জয়পুরহাট জেলা পরিষদের বিপক্ষে রায় হয়েছে মোট ০৪টি মামলা। প্রতিটি রায়ের বিরুদ্ধে আপীল হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত-১০.১: জেলা পরিষদের বিপক্ষে রায় হলে যথাসময়ে আপীল দায়ের নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ

১১। জেলা পরিষদের মালিকানাধীন জমি লীজ সংক্রান্ত তথ্য (২০২৩- ২০২৪ অর্থবছর):

ক্র: নং:	জেলা	মোট জমির পরিমাণ (একর)	লীজযোগ্য নয় এমন জমির পরিমাণ (একর)	লীজযোগ্য জমির পরিমাণ (একর)	লীজকৃত জমির পরিমাণ (একর)	এ বছরের লীজ হতে আয় (লক্ষ টাকায়)	বকেয়ার পরিমাণ (লক্ষ টাকায়)	মন্তব্য
১.	রাজশাহী	১৭০০	১৬৩৫	৬৫	--	--	--	বিগত তিন মাসে কোন লীজ হয়নি।
২.	চাঁপাইনবাবগঞ্জ	৪৮৫.৩৯৩৯	৪৫৬.২৯৯৯	২৯.০৯৪	৫.০১৭	২.০০	৮.৬৩	বকেয়া লীজমানি আদায় কার্যক্রম চলমান।
৩.	নওগাঁ	১২৪৮.৪৫৭৩	১২৩৮.৪৪৭৩	১০.০১	৯.১৯	.৪৩৬৬০	--	--
৪.	নাটোর	৭৬০.৭৬	৬৭৩.৯৪	৮৬.৮২	৬১.১৩	৮.০১	৪৯.৪০	--
৫.	পাবনা	১১১১.০০	১১০১.০৭	৯.৩০	৬.৮২৫৫	৫.১৯	২৬.৫৯	বকেয়া আদায়ের জন্য তাগিদ দেয়া অব্যাহত আছে।
৬.	সিরাজগঞ্জ	৭১৯.৮৮	৭০৯.৩৪	১০.৫৪	২.১৯	৬.১৮	--	লিজ প্রদান/নবায়ন চলমান।
৭.	বগুড়া	৮৭৩.৪৮	৮৭০.৭৫	১.৫৩	১.২০	২.৪৫	.৫৩১৫	ইজারামূল্য পরিশোধের তাগিদপত্র প্রদান করা হয়েছে।

৮.	জয়পুরহাট	৫৮০	৪৭৫	১০৫	৪.৮০	১.৩২	৩.০৬	বকেয়া আদায় কার্যক্রম চলমান
	মোট	৭৪৭৯	৭১৬০	৩১৭	৯০.৩৫	২৫.৫৯	৮৮.২১	

আলোচনা: তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, লীজযোগ্য জমির তুলনায় লীজকৃত জমির পরিমান অনেক কম।চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, বগুড়া ও জয়পুরহাট জেলা পরিষদের লীজের অর্থ বকেয়া রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক, স্থানীয় সরকার পরবর্তী সভার পূর্বেই বকেয়া অর্থ আদায় নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত-১১.১: লীজযোগ্য জমি নিয়ম মেনে লীজ প্রদান করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

সিদ্ধান্ত-১১.২: চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, পাবনা, বগুড়া ও জয়পুরহাট জেলা পরিষদকে পরবর্তী সভার পূর্বেই বকেয়া অর্থ আদায় নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/পাবনা/বগুড়া/জয়পুরহাট), রাজশাহী বিভাগ।

১২। মামলা সংক্রান্ত বিবরণী (জমি):

ক্র.ন	জেলা	মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা		আপীলের সংখ্যা	পেন্ডিং মামলার সংখ্যা	মন্তব্য
			পক্ষে	বিপক্ষে			
১.	রাজশাহী	০৩	০১	--	--	০৩	বাদীপক্ষ ০১টি মামলা আপীল করেছেন।
২.	চাঁপাইনবাবগঞ্জ	২২	০৬	০৪	--	১২	বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলার আপীল দায়ের কার্যক্রম প্রক্রিয়াধীন।
৩.	নওগাঁ	০৭	০১	০১	০১	--	রাস্তার জমি নিয়ে আপীল হয়েছে। জমি জেলা পরিষদের দখলে আছে।
৪.	নাটোর	২২	০৩	--	--	১৯	--
৫.	পাবনা	৭৪	০১	--	১১	৭৩	--
৬.	সিরাজগঞ্জ	১০	০২	--	--	০৮	--
৭.	বগুড়া	২০	--	--	--	২০	--
৮.	জয়পুরহাট	৩৬	--	--	--	৩৬	রেকর্ড সংশোধনী মামলা দায়ের করা হয়েছে।
	মোট	**১৯৪**	**১৪**	**০৫**	**১২**	**১৭১**	

আলোচনা: সভায় পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ তথ্য উপস্থাপন করেন, জমি সংক্রান্ত সর্বমোট মামলার সংখ্যা ১৯৪টি। তন্মধ্যে জেলা পরিষদের বিপক্ষে রায় হয়েছে মোট ০৫টি মামলা। তন্মধ্যে রায়ের বিরুদ্ধে আপীল হয়েছে ১টি মামলা। সভাপতি জেলা পরিষদের বিপক্ষে রায় হলে যথাসময়ে আপীল দায়ের করার পরামর্শ দেন।

সিদ্ধান্ত-১২.১: জেলা পরিষদের বিপক্ষে রায় হলে যথাসময়ে আপীল দায়ের নিশ্চিত করতে পরামর্শ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

১৩। অবৈধ দখলে থাকা সম্পত্তির বিবরণ:

ক্র:ন:	জেলা	অবৈধ দখলে থাকা সম্পত্তির বিবরণ (একর)	অবৈধ দখল থেকে উদ্ধারকৃত জমির পরিমাণ (একর)	মন্তব্য
১.	রাজশাহী	১.৯৫	০.৬৮	অবৈধ দখলদারদের তালিকা প্রণয়নসহ উচ্ছেদের জন্য নোটিশ প্রদান করা হয়েছে।
২.	চাঁপাই নবাবগঞ্জ	৯.০৭৫	--	৪টি কেস নথি জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বরাবর প্রেরণ করা হয়েছে। অবৈধ দখলদারদের তালিকা প্রস্তুত ও নোটিশ প্রদান কার্যক্রম চলমান আছে।
৩.	নওগাঁ	০.০৭৫৩	৭.৫২	অবৈধ দখল উচ্ছেদের জন্য জেলা প্রশাসকের কার্যালয় হতে ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে।
৪.	নাটোর	১১.০০	৩৩.৯৫	লীজ প্রক্রিয়াধীন।
৫.	পাবনা	১.৬১০০	০.১৮	অবৈধ দখলে থাকা জমি উদ্ধারের চেষ্টা অব্যাহত আছে।
৬.	সিরাজগঞ্জ	৮.৩৫	০.৩৪	অবৈধ দখলকৃত সম্পত্তি উদ্ধারের নিমিত্ত উচ্ছেদ মামলা রুজু করার জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বরাবর পত্র দেয়া হয়েছে।

৭.	বগুড়া	১১.১৪	৯.৩৪	জেলা পরিষদের অবৈধ দখলীয় সম্পত্তি উদ্ধারের কার্যক্রম চলছে। অবশিষ্ট অবৈধ দখলে থাকা ২.৫২ সম্পত্তি উদ্ধার কল্পে নোটিশ প্রদান, বিজ্ঞ দেওয়ানী আদালতে মামলা এবং সেটেলমেন্ট অফিসে জমির রেকর্ড সংশোধন কার্যক্রম ও মামলা দায়ের করা হয়েছে।
৮.	জয়পুরহাট	৩.৪২	--	--
	মোট	**৪৬.৬২**	**৫২.০১**	

আলোচনা: জেলা পরিষদের মালিকানাধীন ভূ-সম্পত্তি বেদখল ও দখল উদ্ধার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-১৩.১: জেলা পরিষদের জমি হতে অবৈধ দখলদার উচ্ছেদের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং গৃহীত কার্যক্রম এ কার্যালয়কে অবহিত করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ

১৪। অডিট আপত্তি পর্যালোচনা:

ক্র:নং	জেলা	এ পর্যন্ত মোট আপত্তির সংখ্যা		ব্রডশীট জবাব দেয়ার সংখ্যা		নিষ্পত্তির সংখ্যা		অনিষ্পন্ন আপত্তির সংখ্যা		জড়িত অর্থের পরিমাণ (লক্ষ টাকায়)	জমাকৃত অর্থের পরিমাণ (লক্ষ টাকায়)
		SFI	Non-SFI	SFI	Non-SFI	SFI	Non-SFI	SFI	Non-SFI		
১.	রাজশাহী	৪	৫	৪	৫	২	--	২	৫	২৯.৮৭	২৯.৮৭
২.	চাঁপাই নবাবগঞ্জ	--	১৪	--	১৪	--	--	--	১৪	১০০.৫৭	১০০.৫৭
৩.	নওগাঁ	৭৫	১৯৪	৬৩	১৯১	৫৫	১৯০	২০	০৪	৪০৬৫.৫৮	২১৩২.৮৫
৪.	নাটোর	১৬	৪৭	১৬	৪৭	১১	২৫	০৫	২২	১৪৭৪.২১	২৯৬.৭১
৫.	পাবনা	৩৯	১১	৩৯	১১	২৫	--	১৪	১১	১৭১.২৯	৯৮.৩৩
৬.	সিরাজগঞ্জ	৪৯	১৮৫	৪৯	১৮৫	২২	১৭৩	২৭	১২	৪৫৮.৫৩	৭.১৫
৭.	বগুড়া	৫২	৩০	৫২	৩০	--	--	৫২	৩০	১৯৪০.৫৭	১১৫.৩২
৮.	জয়পুরহাট	৪২	২৮	৪২	২৮	২০	০২	২২	২৬	৮২৭.০০	৮৩.৬৫
	মোট	**২৭৭**	**৫১৪**	**২৬৫**	**৫১১**	**১৩৫**	**৩৯০**	**১৪২**	**১২৪**	**৯০৬৭.৬২**	**২৮৬৪.৪৫**

আলোচনা: সভায় পরিচালক, স্থানীয় সরকার জেলা পরিষদসমূহের অডিট আপত্তির তথ্য উপস্থাপন করেন। যে সকল জেলা পরিষদের ব্রডশীট জবাব প্রেরণ করা হয়নি, তাদের উপযুক্ত কর্তৃপক্ষ বরাবরে ব্রডশীট জবাব প্রেরণের জোর তাগিদ দেয়া হয়। এছাড়াও সভায় স্থানীয় সরকার বিভাগ, অডিট-২ শাখার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ অনুযায়ী অডিট-২ শাখার অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যমাত্রা বিষয়ে আলোচনা করে এ কার্যালয়কে অবহিত করেতে হবে।

সিদ্ধান্ত-১৪.১: আগামী মিটিং (ফেব্রুয়ারি, ২০২৩) এর পূর্বেই নওগাঁ জেলা পরিষদের সকল অডিট আপত্তির ব্রডশীট জবাব উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (নওগাঁ), রাজশাহী বিভাগ।

১৫। প্রকল্প পরিদর্শনের তথ্য (সেপ্টেম্বর'২৩ হতে নভেম্বর'২৩ পর্যন্ত):

ক্র:নং	জেলা	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	প্রকল্প পরিদর্শন সংখ্যা	মন্তব্য
১.	রাজশাহী	জনাব মুঃ রেজা হাসান	৩১	--
২.	চাঁপাই নবাবগঞ্জ	জনাব মোঃ আফাজ উদ্দিন	৪৫	--
৩.	নওগাঁ	জনাব রাজিয়া সুলতানা	৫৮	--
৪.	নাটোর	জনাব মোঃ মাছুদুর রহমান (অঃদাঃ)	০২	--
৫.	পাবনা	জনাব মোহাম্মদ অতুল মন্ডল	৩৩	--
৬.	সিরাজগঞ্জ	জনাব মোঃ আনিসুর রহমান	৩৫	--
৭.	বগুড়া	জনাব গোলাম মোঃ শাহনেওয়াজ	৪২	--

৮.	জয়পুরহাট	জনাব মোঃ আবুল কালাম আজাদ (অঃদাঃ)	১৫	--
মোট=			২৬১	

আলোচনা: সভায় প্রধান নির্বাহী কর্মকর্তাগণের পরিদর্শন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে প্রতি মাসে ১০টি প্রকল্প পরিদর্শনের প্রমাপ নির্ধারিত হয়। প্রতিমাসের প্রকল্প পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে স্থানীয় সরকার বিভাগ ও এ কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে না। সভাপতি এতে অসন্তোষ প্রকাশ করেন। তিনি সকলকে প্রকল্প পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের আহবান জানান।

সিদ্ধান্ত-১৫.১: প্রতিমাসে প্রমাপ অনুযায়ী কার্যালয় ও অন্ততঃ ১০টি প্রকল্প পরিদর্শন করতে হবে।

সিদ্ধান্ত-১৫.২: প্রতিমাসের প্রকল্প পরিদর্শন প্রতিবেদন পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে এবং এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ

১৬। ডি-নথির কার্যক্রমের তথ্য (সেপ্টেম্বর'২৩ হতে নভেম্বর'২৩ পর্যন্ত):

ক্র.নং	জেলা	ডি-নথিতে প্রাপ্ত পত্রের সংখ্যা	ডি-নথির মাধ্যমে পত্র নিস্পত্তির সংখ্যা	ডি-নথির মাধ্যমে পত্র জারীর সংখ্যা	মন্তব্য
১.	রাজশাহী	২৬	১৫	১৩	কার্যক্রম চলমান
২.	চাঁপাইনবাবগঞ্জ	৪৫	২০	১৬	--
৩.	নওগাঁ	৩৩	৫৬	২৩	--
৪.	নাটোর	০৫	০২	০২	--
৫.	পাবনা	--	--	--	ডি-নথির মাধ্যমে কার্যক্রমের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হচ্ছে।
৬.	সিরাজগঞ্জ	২৬	০২	--	--
৭.	বগুড়া	২৮	১৫	১১	--
৮.	জয়পুরহাট	১১	০৮	০৮	--
	মোট	**১৭৪**	**১১৮**	**৭৩**	

আলোচনা: পরিচালক, স্থানীয় সরকার সকল জেলা পরিষদের ডি-নথির কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। সকল জেলা পরিষদ ডি-নথির কার্যক্রম শুরু করলেও কার্যক্রম সন্তোষজনক নয়। সভাপতি ই-নথির কার্যক্রম বৃদ্ধি করতে পরামর্শ প্রদান করেন। প্রতি ০৬ (ছয়) মাসে একবার জেলা পরিষদসমূহে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। প্রয়োজনে প্রশিক্ষণ আয়োজনে বিভাগীয় প্রশাসনের সহায়তা গ্রহণের পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত-১৬.১: পাবনা জেলা পরিষদকে অতিদ্রুত ডি-নথিতে কার্যক্রম শুরু করতে হবে।

সিদ্ধান্ত-১৬.২: দাপ্তরিক সকল ফাইল ডি-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্ত-১৬.৩: প্রতি ০৬ (ছয়) মাসে একবার জেলা পরিষদসমূহে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ

১৭। দক্ষ জনশক্তি গড়তে গৃহীত প্রশিক্ষণ প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা:

ক্র.নং	জেলা	বরাদ্দকৃত অর্থের পরিমাণ (লক্ষ টাকায়)	গৃহীত প্রকল্পের সংখ্যা	ট্রেডভিত্তিক প্রশিক্ষণার্থীর সংখ্যা	মন্তব্য
১.	রাজশাহী	--	--	--	এ বিষয়ে উদ্যোগ গ্রহণ চলমান
২.	চাঁপাইনবাবগঞ্জ	২.০০	০১	--	কম্পিউটার ট্রেনিং
৩.	নওগাঁ	--	--	--	নির্দেশনা অনুসরণ করা হবে।
৪.	নাটোর	--	--	--	--
৫.	পাবনা	৪০.০০	--	--	ট্রেডভিত্তিক কার্যক্রম প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে।
৬.	সিরাজগঞ্জ	--	--	--	মন্ত্রণালয়ে প্রকল্প প্রেরণ করা হয়েছে।
৭.	বগুড়া	--	--	--	--
৮.	জয়পুরহাট	--	--	--	--
	মোট=	৪২.০০	০১		

আলোচনা: পরিচালক, স্থানীয় সরকার সভায় জেলা পরিষদসমূহের দক্ষ জনবল গড়তে গৃহীত ট্রেডভিত্তিক প্রকল্প সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। চাঁপাইনবাবগঞ্জ ব্যতীত অন্যান্য জেলা পরিষদ এখনও কোন প্রকল্প গ্রহণ করেনি। সভাপতি সকল জেলা পরিষদকে ট্রেডভিত্তিক প্রকল্প গ্রহণের পরামর্শ

প্রদান করেন।
সিদ্ধান্ত-১৭.১: ট্রেডভিত্তিক প্রশিক্ষণের নির্দেশনা মেনে বাজেটের অর্থের সংস্থান রাখতে হবে এবং প্রশিক্ষণ প্রদান করতে হবে।
বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

১৮। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গৃহীত উদ্ভাবনী প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা:

ক্র.নং	**জেলা**	বরাদ্দকৃত অর্থের পরিমাণ **(লক্ষ টাকায়)**	গৃহীত প্রকল্পের সংখ্যা	বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা	অগ্রগতির হার	মন্তব্য
১.	রাজশাহী	--	--	--	--	এ বিষয়ে উদ্যোগ গ্রহণ চলমান
২.	চাঁপাইনবাবগঞ্জ	৩.০০	০১	--	--	মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম চলমান।
৩.	নওগাঁ	--	--		--	--
৪.	নাটোর	--	--		--	--
৫.	পাবনা	১৫.০০	০১	০১	১০০%	--
৬.	সিরাজগঞ্জ	--	--		--	টেন্ডার প্রক্রিয়াধীন
৭.	বগুড়া	--	--		--	--
৮.	জয়পুরহাট	--	--	--	--	--
মোট		১৮.০০	০২	০১		

আলোচনা: পরিচালক, স্থানীয় সরকার সভায় জেলা পরিষদসমূহের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকল জেলা পরিষদকে উদ্ভাবনী প্রকল্প সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা ব্যতীত অন্যান্য জেলা পরিষদ এখনও কোন প্রকল্প গ্রহণ করেনি। সভাপতি সকল জেলা পরিষদকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উদ্ভাবনী প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করেন।
সিদ্ধান্ত-১৮.১: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকল জেলা পরিষদকে উদ্ভাবনী প্রকল্প গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ।

১৮। বিবিধ:

স্থানীয় সরকার বিভাগের ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের বিভাগীয় কমিশনার সমন্বয় সভায় জেলা পরিষদ সমূহের বিষয়ে কিছু সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়।
সিদ্ধান্ত-১৯.১: স্থানীয় সরকার বিভাগের ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের বিভাগীয় কমিশনার সমন্বয় সভায় জেলা পরিষদ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৩-০১-২০২৪
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩
divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৩.০০০০.০০৫.১৪.০০১.২১.৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
৩। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ;
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ;
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল), রাজশাহী বিভাগ;
৬। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

৭। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী (তাঁকে সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

০৪-০১-২০২৪
পারভেজ রায়হান
পরিচালক, স্থানীয় সরকার

সকল সংযুক্তিসমূহ:

(১) পরিশিষ্ট ক